দৈনিক খবর

06 NOV 1993

তারিখ 05 NOV 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

# সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভা

গত বৃহস্পতিবার ঢাকায় বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভায় সরকারী কলেজের শিক্ষকদের দাবী আদায়ের লক্ষ্যে অপরাপর শিক্ষক সংগঠনের সঙ্গে ঐক্যবদ্ধ আন্দোলনের কর্মসূচী গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সংগঠনের সভাপতি অধ্যক্ষ মোয়াজ্জেম হোসাইন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পরিষদের সাংগঠনিক তৎপরতা জোরদার করার লক্ষ্যে দেশব্যাপী কেন্দ্রীয় নেতৃবৃন্দের সফর ও আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠানের কর্মসূচী গ্রহণ করা হয়। আগামী মার্চ মাসের শেষ সপ্তাহে ঢাকায় পরিষদের জাতীয় মহাসম্মেলন অনুষ্ঠানের সিদ্ধান্তও গৃহীত হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন পরিষদের মহাসচিব অধ্যাপক আলী আকবর খান, আবদুল ওয়াহাব দাবীর, মোঃ শাহাবুদ্দিন, মোঃ জসিম উদ্দীন, মফিজুর রহমান, রমজান আলী, কেরামত আলী, আবদুল কাইউম, শামসুর রহমান, আবদুল মোমিন প্রমুখ। —প্রেসবিজ্ঞপ্তি।